# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


তারিখঃ ১৬ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২৮

## প্রেস বিজ্ঞপ্তি

৬৯৮তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. কমিশন অদ্যকার সভায় গোল্ডেন হার্ভেস্ট এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর রাইট শেয়ার (৩R:৪ অর্থাৎ বিদ্যমান চারটি সাধারন শেয়ারের বিপরীতে তিনটি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে গোল্ডেন হার্ভেস্ট এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড কে কমিশন ৮,৯৯,৩২,৩৪২ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ টাকা মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। রাইটস শেয়ারের মাধ্যমে কোম্পানিটি মোট ৮৯,৯৩,২৩,৪২০.০০ টাকা মূলধন উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ এবং আংশিক ব্যাংক ঋণ পরিশোধ করবে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী (সেপ্টেম্বর ৩০, ২০১৮ অনুযায়ী) কোম্পানীটির শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) টাকা ২২.৯৬ এবং শেয়ার প্রতি আয় টাকা ০.৬৪। উল্লেখ্য যে, বানকো ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এবং আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ উক্ত রাইট ইস্যুর ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করছে।

২. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিদর্শন প্রতিবেদনে আদিল সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং- ১৭) এর বিরুদ্ধে নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছে :-

(ক) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর অনুমোদিত প্রতিনিধির নামে customer ও BO Account পরিচালিত করায় Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulation's, 2013 এর Regulation 14(3)(iv) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৪(২)(৪) এর Deed of Agreement এর clause-5 ভঙ্গ করেছে;

(খ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর একজন গ্রাহকের নামে একটি একক হিসাবের থেকে বেশী হিসাব পরিচালিত করায় ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ২৬(১) ভঙ্গ করেছে;

(গ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর পরিচালককে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMMRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 ভঙ্গ করেছে;

(ঘ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর কর্মচারীদের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMMRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 ভঙ্গ করেছে;

(ঙ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর গ্রাহকদেরকে মার্জিন ঋণ চুক্তিপত্র না থাকা সত্ত্বেও Cash Account এ ঋণের সুবিধা প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(1) ও 3(2) ভঙ্গ করেছে; এবং

(চ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর গ্রাহকদের সিকিউরিটিজ সংক্রান্ত রেকর্ড সঠিকভাবে পরিচালিত না করে ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৩৪(১) ও (২) ভঙ্গ করেছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় আদিল সিকিউরিটিজ লিঃ কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. কমিশনের এসআরএমআইসি বিভাগের পর্যবেক্ষণে দেখা যায় যে, ড. মনোয়ার হোসেন (পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর স্পন্সর) পূর্ব ঘোষণা ছাড়া পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর ১,৫৮,৫৩২ টি শেয়ার বিক্রয় করেছেন। যার ফলে কমিশনের নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তারিখঃ July 14, 2010 ভঙ্গ হয়েছে।

উক্ত লংঘনের জন্য কমিশন ড. মনোয়ার হোসেন (পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর স্পন্সর) কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এছাড়া ড. মনোয়ার হোসেন (পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর স্পন্সর) কর্তৃক ই-সিকিউরিটিজ লিমিটেড-এ পরিচালিত বিও হিসাব নং-১২০২৮৮০০১৮৪৮৫৩৮৪ ফ্রিজ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রযোজ্য ক্ষেত্রে উক্ত শেয়ার বিক্রয় সংক্রান্ত কর পরিশোধের নির্দেশনা প্রদানেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১/১০/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd